



CSR&TI, Berhampore
An ISO 9001 :2008 Certified Institute

প্রকাশক :
ডঃ কণিকা ত্রিবেদী
অধিকর্তা
কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড : ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ
দূরাভাষ : (03482) 251046 / 253962 / 63 / 64 ফ্যাক্স : +91 3482 251233
ইমেল : csrtiber.csb@nic.in / csrtiber.@gmail.com

Publication committee : Dr. S. Roy Chowdhuri, Dr. S. Chattopadhyay, Mr. D. Das
and Mr. T. K. Maitra

Leaflet No. 29

© CSR&TI, Berhampore

February 2016

Printed by : u_nimage@yahoo.com

ডিম মুখানোর সঠিক পদ্ধতি



ডঃ তপতী দত্ত বিশ্বাস
ডঃ কণিকা ত্রিবেদী



কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রালয়, ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, পশ্চিমবঙ্গ

সঠিক ভাবে ডিম মুখান পলু পালনের জন্য অপরিহার্য। বসনি ভাই বোনেদের অনেক সময় সঠিক পদ্ধতিটা না জানা থাকায় ভালভাবে ডিম মুখাতে পারেন না, ফলে ভাল ফসল পান না। ডিম মুখানোর সঠিক নিয়মগুলি হলোঃ

- ডিম বাড়ি আনার পর ২ শতাংশ ফরমালিন দ্রবণে ১০ মিনিট ডুবিয়ে রেখে ডিম পরিশোধন করুন। পরে ডিমগুলি জল দিয়ে ধুয়ে নিন।
- জল দিয়ে ধুয়ে ফেলার পর ছায়াতে ডিমগুলি কিছুক্ষণ রাখুন।
- ডালাতে মোমকাগজ দিয়ে ডিমগুলি এক স্তরে রেখে ভিজে ফোমপ্যাড দিয়ে ঘিরে আরেকটি মোমকাগজ ঢাকা দিন যাতে সঠিক আর্দ্রতা বজায় থাকে।
- পলু ঘরে ২৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা এবং ৮০% আর্দ্রতা থাকা প্রয়োজন।
- ডিম ইনকিউবেশনে সাধারণতঃ ৮-৯ দিন সময় লাগে।
- শীতের সময় হিটার অথবা খোঁয়াহীন উনুন/চুল্লা ব্যবহার করে ঘরে উপযুক্ত তাপমাত্রা বজায় রাখুন।
- এক সাথে ভালোভাবে ডিম মুখানোর জন্য নীলাভ অবস্থায় (Blue Stage) ডিমগুলিকে ৩৬ ঘন্টা কালো কাপড় দিয়ে ঢেকে রাখুন।
- ঘরের তাপমাত্রা আগের মতোই ২৫ ডিগ্রি সেলসিয়াস ও আর্দ্রতা ৮০% রাখুন।
- মুখানোর দিন সকাল ৭-৮ টার মধ্যে ডিমগুলিকে আলোয় রাখলে (কখনই রৌদ্রে নয়) ১ থেকে ১ ½ ঘন্টার মধ্যে ৯৫% ডিম মুখিয়ে যাবে।
- ডিম ঝাড়াই এর আগে তুঁত জমি থেকে কচি, কোমল ও সরস তুঁত পাতা সংগ্রহ করুন।
- সদ্য মুখানো পলুর ওপর কচি রসালো পাতা চৌকো করে (০.৫x ০.৫ বর্গ সেমি) কেটে ছড়িয়ে দিন।
- আধ ঘন্টা পর যখন ছোট ছোট পোকাগুলি পাতার উপর উঠে যাবে তখন ডালায় বা ট্রেতে মোম কাগজের ওপর পাতা সহ পলুকে পাখির পালকের সাহায্যে ঝেড়ে নিতে হবে। আঙ্গুলে টোকা দিয়ে ঝাড়লে পোকাকার ক্ষতি হয়।
- উপযুক্ত মাপের চাকী বেড তৈরী করে ভিজে ফোমপ্যাড দিয়ে ঘিরে আর একটি মোমকাগজ দিয়ে ঢেকে দিন।
- বাস্কের ডিমের ক্ষেত্রে মুখানো পলুর ওপর দুটি নেট (০.৫ বর্গ সেমি) দিয়ে পাতা দিতে হবে।

- পরে নেট সমেত পলু অন্য একটি ট্রে তে নিয়ে ভিজে ফোমপ্যাড দিয়ে ঘিরে আর একটি মোমকাগজ ঢাকা দিতে হবে।
- উপযুক্ত মাপের চাকী বেড তৈরী করে ছোট করে কাটা পাতা প্রয়োজন মত ছড়িয়ে দিয়ে ভিজে ফোমপ্যাড চারিদিক দিয়ে ঢেকে দিতে হবে।



বাস্কের ডিম ঝাড়াই



কার্ডের ডিম ঝাড়াই

কি কি করবেন না

- ▶▶ ডিম দুপুর রোদে নেবেন না।
- ▶▶ ডিম বাড়িতে এনে লেপ ঢাকা দিয়ে রাখবেন না।
- ▶▶ ডিম কলসির ভেতর রাখবেন না।
- ▶▶ মাটির সরাতে ডিম মুখাবেন না।
- ▶▶ পাতা শাকের মত করে কাটবেন না।
- ▶▶ পিঁপড়ে তাড়াতে গ্যামাকসিন বা লক্ষণ রেখা দেবেন না।